দৈনিক সংবাদ

তারিখ ... 01 MAR 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

28

৩৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনা তদন্তে এক সদস্যের কমিশন

সরকার গত ২৫শে ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সংঘটিত ঘটনাবলীর সুষ্ঠু তদন্তের জন্য এক সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিশন গঠন করেছে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের বিচারপতি আবদুল জলিলকে নিয়ে এই কমিশন গঠন করা হয়।

কমিশনের কাজ হবে কোন অবস্থার পরিপ্রেক্ষিতে গত ২৫শে ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাংগণে দুঃখজনক ঘটনার অবতারণা ঘটে যার

(১১-এর পাতায় দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনা

(১ম পাতার পর)

ফলশ্রুতিতে একজন ছাত্র নিহত, একজন গুলীবিদ্ধ হয়ে আহত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আক্রান্ত ও আহত হন এবং এ হত্যাকাণ্ড ও অন্যান্য পরিস্থিতি সৃষ্টির জন্য কারা দায়ী তা নির্ণয় করা, ভবিষ্যতে এ ধরনের পুনরাবৃত্তি রোধে কার্যকর ব্যবস্থার সুপারিশ প্রদান করা এবং অন্যান্য প্রাসংগিক বিষয়।

কমিশনকে ৪৫ দিনের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন পেশ করতে বলা হয়েছে। খবর গুধা বিজ্ঞপ্তির।